গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ১১ জুলাই, ২০২৩, সময়: সকাল ১২.৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য জিআইএস স্পেশালিস্টকে আহবান জানান । প্রকল্প কার্যক্রমের উপর সংক্ষিপ্ত বর্ণনা শেষে বিগত তিন মাসের অগ্রগতি এবং পরবর্তী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের সার্বিক অগ্রগতির সংক্ষিপ্ত বর্ণনা, বিগত তিন মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার। |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ | DMC ডাটাবেজে গাইবান্ধা, কুড়িগ্রাম ও জামালপুর জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য ইতোমধ্যে সন্নিবেশিত হয়েছে। প্রকল্প এলাকার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজের ব্যবহারবিধি বিষয়ক প্রশিক্ষণ ও DMC ডাটাবেজে গাইবান্ধা, কুড়িগ্রাম ও জামালপুর ব্যাতীত অন্য সকল জেলার তথ্য সন্নিবেশিত করার বিষয়ে আলোচনা হয়। | ক) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের একটি হোয়াটস অ্যাপ গ্রুপ খোলার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।<br><br>খ) DMC ডাটাবেজ পোর্টালে সংযোজনের জন্য বাংলাদেশের সকল জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের তথ্য চেয়ে অবশিষ্ট জেলায় পত্র প্রেরণ করতে হবে। | উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি), প্রোগ্রাম ম্যানেজার, আইসিটি স্পেশালিস্ট, রিজিওনাল কো-অর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটেটর |
| ০৩। | ল্যান্ড গেজ স্থাপন | ল্যান্ড গেজ স্থাপনের উদ্দেশ্যে উপযুক্ত স্থান নির্বাচনের জন্য বিপদাপন্ন ইউনিয়নসমূহে | ল্যান্ড গেজ স্থাপনের পর তার নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চলমান পরামর্শ সভা, গেজ রীডার নিয়োগ ও ল্যান্ড গেজের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা হয়। | হবে। | রিজিওনাল কো-অর্ডিনেটর, ফিল্ড ফ্যাসিলিটেটর ও উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস) |
| ০৪। | ভয়েজ মেসেজ পোর্টাল | বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা বিপদাপন্ন জনগোষ্ঠীর মাঝে ভয়েস মেসেজের মাধ্যমে প্রেরণের জন্য লক্ষণীয় বিষয়সমূহ যেমন জরুরি অবস্থায় নির্বিঘ্ন ভয়েজ মেসেজ সেবা প্রদান, একই সাথে অধিক সংখ্যক ভয়েজ মেসেজ প্রেরণ, কোনো কারণে এই সেবা বিঘ্নিত হলে তার বিকল্প ব্যবস্থা বিষয়ে আলোচনা হয়। | জরুরি পরিস্থিতিতে ভয়েজ মেসেজ পোর্টালে যাতে পর্যাপ্ত সক্ষমতা ও বিকল্প ব্যবস্থা থাকে সে বিষয়ে নজর রেখে পোর্টাল তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি), প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৫। | তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণ | বন্যায় করনীয় ও তথ্য প্রাপ্তির উৎস সমূহ নিয়ে প্রস্তুতকৃত পোস্টার নিয়ে আলোচনা হয়। | দুর্যোগে করণীয় সংক্রান্ত সেভ দ্যা চিলড্রেন সহ অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত নির্দেশিকা অনুসরন করে প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/২০২৩

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ৬৮

তারিখ: ২৩-০৭-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৪। অফিস কপি/গার্ড ফাইল।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)